

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ (১) সিয়ামের ফ্যীলত - সিয়াম পালনকারী ব্যক্তিকে মহান আল্লাহ বেশুমার প্রতিদান দান করবেন মর্মে বর্ণনা

1 _ بَابُ فَضْلِ الصَّوْمِ (ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا ثَوَابَ الصَّائِمِينَ فِي الْقِيَامَةِ بِغَيْرِ حِسَابٍ)

আরবী

3407 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّتَنَا الْقَعْنَبِيُّ قال: حدثنا عبد العزيز بن محمد عن الْعَلَاءِ عَنْ أَبِيهِ: عَنْ أَبِي هُرِيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: كُلُّ حَسَنَةٍ عَمِلَهَا ابْنُ آدَمَ جَزَيْتُهُ بِهَا عَشْرَ حَسَنَاتٍ إِلَى سبع مئة ضبِعْف إِلَّا الصِيّامَ فَهُو لِي وَأَنَا أَجْزِي بِهِ الصِيّامُ جُنَّةٌ فَمَنْ كَانَ صَائِمًا فَلَا يَرْفُثُ وَلَا يَرْفُثُ وَلَا يَرْفُثُ وَلَا يَرْفُثُ وَلَا يَرْفُثُ اللهِ عَلَى الله وَلَا يَرْفُثُ الله وَلَا أَعْرِي بِهِ الصِيّامُ إِنِي صَائم إِني صَائم الله وَلَا يَرْفُثُ الله وَلَا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3407 ا خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

৩৪০৭. আবৃ হুরাইরা রাদ্মিাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন, "আদম সন্তান যে কোন ভালো আমল করে, আমি তার প্রতিদান ১০ গুণ থেকে ৭০০ গুণ পর্যন্ত সাওয়াব দেই। তবে সিয়াম ব্যতীত। এটা আমার জন্যই পালন করা হয়, আর আমি নিজেই তার প্রতিদান দিবো। সিয়াম ঢাল স্বরূপ। কাজেই যে ব্যক্তি সিয়াম রাখবে, সে যেন পাপাচারে লিপ্ত না হয়, অজ্ঞতাপূর্ণ কাজ না করে। যদি কোন ব্যক্তি তাকে গালি দেয়, অথবা কষ্ট দেয়, তবে সে যেন বলে, আমি সিয়াম রেখেছি, আমি সিয়াম রেখেছি।"[1]

ফুটনোট



[1] সহীহ মুসলিম: ১১৫১; নাসাঈ: ৪/১৬২-১৬৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৯৬; মুসনাদ আহমাদ: ২/২৭৩; সহীহুল বুখারী: ১৯০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৪০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন